অতীব জরুরী

**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সূত্রঃ এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-৭৩৭৪ তারিখঃ আগস্ট ২৮, ২০১৬

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**শতভাগ রপ্তানিমুখী তৈরী পোষাক শিল্পের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকে যে সকল এলসি নগদায়ন করা হবে তা থেকে মোট রপ্তানি মূল্যের ০.০৩% অর্থ লিয়েন ব্যাংক কর্তৃক কর্তনপূর্বক সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় "Central Fund (RMG Sector)" নামীয় ০৪৪২৬৩৬০০১০১৮ নং এসএনডি হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে **শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আগস্ট ১৬, ২০১৬ তারিখের ৪০.০০.০০০০.০১৫.২৮.০০২.১৬.৩৮২ নম্বর ডিও পত্রের (কপি সংযুক্ত)** প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। **এফই সার্কুলার পত্র নম্বর-১৮, তারিখ- জুন ১২, ২০১৬** এর মাধ্যমে শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের জন্য কেন্দ্রীয় তহবিল গঠনের লক্ষ্যে শিল্প প্রতিষ্ঠানের প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রাপ্ত এবং নগদায়নকৃত রপ্তানি মূল্যের ০.০৩% হারে অর্থ কর্তন করতঃ সোনালী ব্যাংক লিমিটেড, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় "Central Fund (RMG Sector)" শিরোনামে এসএনডি হিসাবের অনুকূলে স্থানান্তর করা এবং সোনালী ব্যাংক হিসাবে স্থানান্তরিত অর্থ সম্পর্কিত তথ্য সচিব, কেন্দ্রীয় তহবিল পরিচালনা বোর্ডকে অবগত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উক্ত সার্কুলারে প্রদত্ত নির্দেশনা শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ব্যাংক ব্যতীত অপরাপর ব্যাংকগুলো যথাযথভাবে পরিপালন করছে না মর্মে জানা যায়। কিছু কিছু ব্যাংক উল্লেখযোগ্য পরিমাণ এলসি নগদায়ন করলেও প্রতিবেদন প্রেরণ না করায় অর্থ কর্তনের বিষয়ে নিশ্চিত হওয়া যাচ্ছে না।

০৪। উপরোক্ত প্রেক্ষাপটে শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের প্রত্যাবাসিত রপ্তানিমূল্যের বিপরীতে ০.০৩% হারে কর্তনকৃত অর্থ যথানিয়মে সোনালী ব্যাংক হিসাবে জমাদান করে প্রতিমাসের জমাকৃত অর্থের প্রতিবেদন (অর্থ কর্তন না হলে শূন্য প্রতিবেদন) পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে সচিব, কেন্দ্রীয় তহবিল পরিচালনা বোর্ড, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাদের নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাগুলোকে উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(জগন্নাথ চন্দ্র ঘোষ)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯২

**সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক**

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ফোন নং-+৮৮-০২-৯৫১৪৩৬৬
ই- মেইল : shiparmikail@gmail.com

ডিও পত্র নং-৪০.০০.০০০০.০১৫.২৮.০০২.১৬. ৬৮২

তারিখ ঃ ১৬ আগস্ট, ২০১৬ খ্রিঃ

শ্রদ্ধেয় স্যার,

সালাম নিবেন। আপনার সদয় অবগতিতে আছে যে, শতভাগ রপ্তানীমুখী গার্মেন্টস শিল্প সেক্টরের জন্য এ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীকে চেয়ারম্যান করে ১০ সদস্য বিশিষ্ট কেন্দ্রীয় তহবিল পরিচালনা বোর্ড গঠন করা হয়েছে। কেন্দ্রীয় তহবিল স্থাপনের লক্ষে সোনালী ব্যাংক লিমিটেডের ঢাকাস্থ রমনা কর্পোরেট শাখায়, Central Fund (RMG Sector) শিরোনামে একটি হিসাব খোলা হয়েছে। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৩) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধানানুযায়ী শতভাগ রপ্তানীমুখী গার্মেন্টস শিল্প সেক্টরের এলসি নগদায়নের সময় মোট রপ্তানীমূল্যের ০.০৩% অর্থ সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক কর্তৃক কর্তনপূর্বক পরবর্তী ০৭ দিনের মধ্যে Central Fund (RMG Sector) নামীয় হিসাবে জমা দেয়ার জন্য ইতোমধ্যে আপনার কার্যালয় হতে সার্কুলার জারি করা হয়েছে। হিসাব খোলার পর সার্কুলার অনুসারে গত ১৭ জুলাই' ১৬ হতে ০১ আগস্ট' ১৬ পর্যন্ত উক্ত তহবিলে মোট **৭২,২৮,০৮৮/-** টাকা জমা হয়েছে। প্রাপ্ত তথ্য অনুযায়ী নিম্নোক্ত - (ক) ট্রাস্ট ব্যাংক, (খ) ইসলামী ব্যাংক, (গ) বেসিক ব্যাংক, (ঘ) ন্যাশনাল ব্যাংক, (ঙ) যমুনা ব্যাংক, (চ) ইস্টার্ন ব্যাংক, (ছ) জনতা ব্যাংক, (জ) আইএফআইসি ব্যাংক, (ঝ) স্ট্যান্ডার্ড ব্যাংক এবং (ঞ) সিটি ব্যাংক কর্তৃক অর্থ জমাদানের প্রতিবেদন নিয়মিত পাওয়া গেলেও অন্যান্য ব্যাংকসমূহ থেকে অর্থ জমার কোন প্রতিবেদন পাওয়া যাচ্ছে না। এখানে উল্লেখ্য যে, তৈরী পোষাক রপ্তানীর ক্ষেত্রে HSBC, Standard Charterd Bank, Citibank N.A, BRAC Bank, Dhaka Bank, UCB এবং সোনালী ব্যাংক সমূহ উল্লেখযোগ্য পরিমাণ এলসি নগদায়ন করে। যে সকল ব্যাংক প্রতিবেদন প্রেরণ করেনি সে সকল অন্যান্য ব্যাংকসমূহে অর্থ কর্তন কার্যক্রম শুরু হয়েছে কিনা তা নিশ্চিত হওয়া যাচ্ছে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকসমূহে অর্থ কর্তন না হয়ে থাকলে শূন্য প্রতিবেদন পাওয়া গেলে সামগ্রিক অবস্থা অনুধাবন করা সম্ভব হবে। নির্ভরযোগ্য সূত্র হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত জুন'২০১৬ মাসে প্রায় ২২ হাজার কোটি টাকার অধিক তৈরী পোষাক রপ্তানী হয়েছে। পরবর্তী মাসে নগদায়নের ক্ষেত্রে Central Fund (RMG Sector) এ ০.০৩% হারে জুলাই মাসে নূন্যতম ৬ কোটি টাকা জমা হওয়া প্রত্যাশিত ছিল।

এমতাবস্থায়, শতভাগ রপ্তানীমুখী গার্মেন্টস শিল্প সেক্টরে সংশ্লিষ্ট সকল লিয়েন ব্যাংকসমূহ কর্তৃক Central Fund (RMG Sector) এ ০.০৩% হারে অর্থ জমাদান বাধ্যতামূলক করে নিয়মিত প্রতিবেদন প্রদানের বিষয়টি নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

আগামী দিনগুলোতে আপনার আন্তরিক সহযোগিতা শ্রমজীবী মানুষের কল্যাণ ও শিল্পের সুষ্ঠু পরিবেশ সমুন্নত রাখার ক্ষেত্রে সহায়ক হবে বলে আশা রাখি।

শ্রদ্ধান্তে —

আন্তরিকভাবে আপনার

**(মিকাইল শিপার)**

**জনাব ফজলে কবির**
**গভর্ণর**
**বাংলাদেশ ব্যাংক, ঢাকা।**